# সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ

## সরকারি তোলারাম কলেজ কোডঃ ৫৬০১

# ২০২৩ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

## ভর্তি বিষয়ক ওয়েবসাইটঃ www.nu.ac.bd/admissions

**অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখঃ**
**০৪/০৯/২০২৫ তারিখ থেকে ১৭/০৯/২০২৫ তারিখ পর্যন্ত**

আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।

## আবেদনের যোগ্যতাঃ

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

# অনলাইন রেজিস্ট্রেশন আবেদনের নিয়মাবলী:

ক) আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Masters Tab এ গিয়ে Apply Now (Masters Private) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস্ সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

গ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক নির্বাচিত কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে তার রেজিস্ট্রেশন যোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সঙ্গে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে।

ঘ) আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50Kb হতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৩ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) আবেদনকারীকে সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বরও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদনকারীকে তার আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল অথবা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Master's Tab-এ গিয়ে Applicant Login [Masters (Private)] অপশনে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। পরবর্তীতে আবেদনকারী Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে তার ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP ) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না।

জ) আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীর স্নাতক (সম্মান)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপিসহ কলেজের হিসাব শাখায় সরাসরি জমা দিতে হবে।

ঝ) আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষক তারিখসহ স্বাক্ষর ও সীল দিয়ে আবেদনকারীকে ফেরত দিবেন।

ঞ)নির্বাচিত কলেজসমূহে ২০২৩ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য যে সকল বিষয়ে অনুমোদন দেয়া হয়েছে কেবল সে সকল বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন আবেদনকারী আবেদন করতে পারবে।

| আবেদন ফরমের সাথে জমাদানের প্রয়োজনীয় কাগজপত্রঃ |
|---|
| ১। অনলাইনে আবেদনকৃত ফরম (সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আবেদন ফরমে আপলোড দিতে হবে) |
| ২। স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি। |
| ৩। স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রেজিস্ট্রেশনের ফটোকপি। |
| ৪। দ্বৈত ভর্তি না হওয়া মর্মে অঙ্গীকারনামা এর কপি। |
| ৫। কলেজের অংশে আবেদনকারীর মোবাইল নম্বর লিখতে হবে। |
| **বি. দ্র. উপরে উল্লেখিত কাগজপত্র ০১ (এক) সেট অনলাইনে আবেদনকৃত ফরম-এর সাথে কলেজে জমা দিতে হবে।** |

## যে সকল বিষয়ে আবেদন করা যাবে:

| মানবিক শাখা | ব্যবসায় শিক্ষা শাখা |
|---|---|
| ❖ বাংলা (বিষয় কোড: ৩১১০)<br>❖ ইংরেজি (বিষয় কোড: ৩১১১)<br>❖ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (বিষয় কোড: ৩১১৬)<br>❖ দর্শন (বিষয় কোড: ৩১১৭)<br>❖ রাষ্ট্রবিজ্ঞান (বিষয় কোড: ৩১১৯)<br>❖ অর্থনীতি (বিষয় কোড: ৩১২২) | ❖ হিসাববিজ্ঞান (বিষয় কোড: ৩১২৫)<br>❖ ব্যবস্থাপনা (বিষয় কোড: ৩১২৬) |

❖ **ভর্তি সংক্রান্ত সকল তথ্য কলেজ ওয়েবসাইট- http://tolaramcollege.edu.bd ও Facebook Page এর 'Tolaram College Online Class' এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) পাওয়া যাবে।**

০৩/০৯/২০২৫

(প্রফেসর বিমল চন্দ্র দাস)
আইডি নম্বর: ১২৫১
অধ্যক্ষ
সরকারি তোলারাম কলেজ
নারায়ণগঞ্জ